আমাদের সময়

তারিখ : 06 DEC 2015
পৃষ্ঠা ২ কলাম ৩

# ভালো শিক্ষার্থীদের রাজনীতিতে আসা জরুরি

## –ড. শফিক আহমেদ সিদ্দিক

নিজস্ব প্রতিবেদক ● ভালো ছাত্ররা এখন রাজনীতি বিমুখ। ভবিষ্যতে রাজনীতির স্নিগ্ধ ও ঔজ্জ্বল্য রূপ দেখতে হলে ভালো শিক্ষার্থীদের অবশ্যই রাজনীতিতে সম্পৃক্ত করতে হবে। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশের রাজনীতিতে তরুণ নেতৃত্বের বিকাশ ঘটানো এখন আমাদের জন্য জরুরি। গত বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগের প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন ডাস্ক্বার সভাপতি হাসান আহমেদ চৌধুরী কিরণকে দেওয়া এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষাবিদ ড. শফিক আহমেদ সিদ্দিক এসব কথা বলেন।

সম্প্রতি আমেরিকার ইয়েল ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত শিশু অধিকারবিষয়ক আন্তর্জাতিক সম্মেলনে ডাক্সবার সভাপতি হাসান আহমেদ চৌধুরী কিরণ শিশু অধিকার বিষয়ে সচেতনতামূলক কার্যক্রমে পুরস্কার লাভ করায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে বিশেষ অতিথি ছিলেন ঢাকা রিপোর্টার্স ইউনিটির সভাপতি জামাল উদ্দিন। আরও উপস্থিত ছিলেন ব্যাংক এশিয়ার ডিএমডি জহিরুল আলম মাসুদ, ক্যাপিটাল মার্কেট বিশেষজ্ঞ মাহবুব হোসেন মজুমদার এফসিএমএ, আইডিএলসির ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জিয়াউল হক খান প্রিন্স, অতিরিক্ত কর কমিশনার সাবিনা ইয়াসমিন লোটাস, কর উপদেষ্টা মো. গিয়াস উদ্দিন মিয়া, অধ্যাপক রোকেয়া পারভীন জুঁই, শিল্পোদ্যাক্তা মাহফুজুর রহমান প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলাদেশ ব্যাংকের যুগ্ম পরিচালক সারোয়ার হোসেন। রাজধানীর বে-লিফ হোটেলে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হিসাববিজ্ঞান বিভাগের প্রাক্তন ছাত্র সরকারের উপসচিব ও শুল্ক বিশেষজ্ঞ ড. আবু ইউসুফ।